ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩৩৬৯

আগরতলা, ২৩ অক্টোবর, ২০২৫

**ফটিকরায় প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে সফলভাবে ব্রিচ ডেলিভারিতে সন্তানের প্রসব**



ফটিকরায় প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের প্রতি স্থানীয় মানুষদের আস্থা ও বিশ্বাস আরও বাড়িয়ে তুলেছেন এই স্বাস্থ্যকেন্দ্রের স্বাস্থ্যকর্মীরা। ঊনকোটি জেলার ফটিকরায় প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের স্বাস্থ্যকর্মীরা গত ২১ অক্টোবর, ২০২৫ এক বিরল সাফল্য অর্জন করেছে। ফটিকরায় এলাকার এক গর্ভবতী মহিলা প্রসব ব্যাথা নিয়ে ফটিকরায় প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে ভর্তি হন। চিকিৎসক মহিলাকে পরীক্ষানিরীক্ষা করে দেখেন শিশুটির অবস্থান স্বাভাবিক নয়। শিশুটির মাথা নিচের দিকে না হয়ে - উল্টোভাবে রয়েছে। যাকে ব্রিচ পজিশন বলা হয়। এই ধরনের প্রসব অত্যন্ত ঝুঁকিপূর্ণ হতে পারে, যেখানে মা ও শিশু উভয়েরই বিপদের সম্ভাবনা থাকে। তাই মা ও শিশুর জীবন বাঁচাতে ফটিকরায় প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের ভারপ্রাপ্ত চিকিৎসক ডাঃ দেবাশীষ পাল দ্রুত মহিলার প্রসবের সিদ্ধান্ত নেন। কারণ রোগীকে অন্য হাসপাতালে স্থানান্তরিত করতে গেলে সময় নষ্ট হবে। তাই সময়ের মূল্য দিয়ে মহিলার প্রসব করানোর জন্য ফটিকরায় প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের ভারপ্রাপ্ত চিকিৎসক ডাঃ দেবাশীষ পাল এর নেতৃত্বে নার্সিং অফিসার ফেলি লালনুনফেলি ডার্লং, জিডিএকর্মী তীর্থ দেববর্মা সহ অন্যান্য সহকারীকর্মীদের নিয়ে একটি দল গঠন করেন। সকলের প্রচেষ্টায় কঠিন পরিস্থিতিতে এই হাসপাতালেই চিকিৎসক ডাঃ পাল অত্যন্ত দক্ষতার সাথে সফলভাবে ব্রিচ ডেলিভারি সম্পন্ন করেন। প্রসবের পর মা ও শিশু উভয়ই সুস্থ আছে ও তাদের পর্যবেক্ষণে রাখা হয়েছে। অবশেষে সিজারিয়ান অস্ত্রোপচার ছাড়াই সুস্থভাবে ব্রিচ ডেলিভারিতে শিশুর প্রসব নিশ্চিত করার ফলে গর্ভবতী মহিলার পরিবার পরিজনেরা অত্যন্ত খুশী ও স্বাস্থ্যকর্মীদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের পক্ষ থেকে এক বিবৃতিতে এই তথ্য জানানো হয়েছে।

********